

ছায়া ঘনাইছে বনে বনে, গগনে গগনে ডাকে দেয়া ।
 কবে নবঘন-বরিষনে গোপনে গোপনে এলি কেয়া ॥
 পুরবে নীরব ইশারাতে একদা নিদ্রাহীন রাতে
 হাওয়াতে কী পথে দিলি খেয়া—
 আষাঢ়ের খেয়ালের কোন্ খেয়া ॥
 যে মধু হৃদয়ে ছিল মাখা কাঁটাতে কী ভয়ে দিলি ঢাকা ।
 বুঝি এলি যার অভিসারে মনে মনে দেখা হল তারে,
 আড়ালে আড়ালে দেয়া-নেয়া—
 আপনায় লুকায়ে দেয়া-নেয়া ॥

Parjaay: Prakriti / Borsha, Taal: Kaharwa, Raag: Pilu
 Visit www.geetabitan.com for notation and other detail